2

দৈনিক বাংলা

তারিখ ... 15 DEC 1994 ...
পৃষ্ঠা ৫ কলাম ৫ ...

## জনমত

### এসএসসি প্রাইভেট পরীক্ষার্থীদের পরীক্ষার সুযোগ দেওয়া হোক

বাংলাদেশের ৪টি শিক্ষা বোর্ডের অধীনে আসন্ন এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রায় লক্ষাধিক প্রাইভেট পরীক্ষার্থী রয়েছে। বিগত বছরগুলোর মত ৮ম শ্রেণী পাসের পর ৩ বছর স্টাডি লস করা ছাত্র-ছাত্রীরা ১৯৯৫ সালের এসএসসি পরীক্ষায় অংশ নিতে পরবে বলে গত ৪ঠা অক্টোবর '৯৪ইং তারিখে ৪টি শিক্ষা-বোর্ড এক সার্কুলারের মাধ্যমে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান গুলিকে জানিয়েছে। এই সার্কুলারের কারণে প্রত্যেক জেলা সদরের সরকারী হাইস্কুলে এসে হাজার হাজার ছাত্র-ছাত্রী আসন্ন এসএসসি পরীক্ষা পূর্ববর্তী নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য যথারীতি রেজিস্ট্রেশন কার্ড ও অন্যান্য ফরম পূরণের অপেক্ষায় রয়েছে। কোন কোন জেলা সদরে ইতিমধ্যে প্রাইভেট পরীক্ষার্থীসহ অন্যান্য সকল পরীক্ষার্থীর নির্বাচনী পরীক্ষা নেয়া হয়েছে। এবং অনেক স্কুল কর্তৃপক্ষ নির্বাচনী পরীক্ষার (প্রয়োজনীয়) প্রবেশ পত্রও প্রদান করেছে। কিন্তু হঠাৎ করে শিক্ষাবোর্ডগুলো গত ৫ই নবেম্বর শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্তের বরাত দিয়ে ৮ম শ্রেণী পাসের পর ৩ বছর স্টাডি লস করা ছাত্র-ছাত্রীদের ১৯৯৫ সনের এসএসসি পরীক্ষায় অংশ দিতে পারবেন না বলে একটি সার্কুলার জারি করেছে। শিক্ষা মন্ত্রণালয়ের এই অসময়োচিত সিদ্ধান্তের ফলে দেশের লক্ষাধিক প্রাইভেট পরীক্ষার্থী আসন্ন এসএসসি পরীক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। এনিয়ে পরীক্ষা, অভিভাবক, এমনকি শিক্ষকদের মধ্যেও ব্যাপক ক্ষোভ দেখা দিয়েছে। সত্যি বলতে কি, অনেক নবম শ্রেণীর ছাত্র-ছাত্রীও ১৯৯৫ইং সনের পাঁচ শত প্রশ্ন ব্যাংকের সর্বশেষ সুযোগ গ্রহণের জন্য নিজ নিজ স্কুলের রেজিস্ট্রেশন করেনি বিধায় আগামী ১৯৯৬ সনে পরীক্ষার জন্য রেজিস্ট্রেশন করার সুয়োগও হারিয়েছে। স্বভাবতই এই রেজিস্ট্রেশন বিহীন ছাত্র-ছাত্রীরা শিক্ষা মন্ত্রণালয়ের উক্ত সিদ্ধান্তের কারণে প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থেকে বঞ্চিত হয়ে বিক্ষুব্ধ হয়ে উঠেছে। বিভিন্ন পত্র-পত্রিকায় তাদের দাবির সমর্থনে লেখালেখিও হয়েছে। গত ২১শে নবেম্বর দৈনিক ইত্তেফাকে এক উপ-সম্পাদকীয়তে প্রাইভেট পরীক্ষার্থীদের বিষয়টি বিস্তারিত আলোচনার পর সরকারের উর্ধ্বতন মহলে বিষয়টি বিশ্লেষিত ও বিবেচিত হওয়া বাঞ্ছনীয় বলে মত প্রকাশ করা হয়েছে এবং ছাত্র-ছাত্রীদের প্রাইভেট পরীক্ষায় ১৯৯৫ সালের সর্বশেষ সুযোগ প্রদান করা উচিত বলেও মন্তব্য করা হয়েছে।

এমতাবস্থায় লক্ষাধিক প্রাইভেট পরীক্ষার্থীকে ১৯৯৫ইং সনের পাঁচশত প্রশ্ন ব্যাংক-এর সর্বশেষ সুযোগটি প্রদান করার জন্য আমরা শিক্ষা মন্ত্রণালয়কে অনুরোধ জানাচ্ছি। কারণ প্রাইভেট পরীক্ষার্থীরা পড়াশুনা করেই অন্যান্য পরীক্ষার্থীদের মত পরীক্ষায় অংশগ্রহণ করছে। কারো দয়ার উপর নির্ভর করে তারা পাস/ফেল করবে না। সুতরাং মানবিক কারণে এবং শিক্ষার বৃহত্তর স্বার্থে কাল বিলম্ব না করে সময় থাকতেই শিক্ষা মন্ত্রণালয় তাদের ৫ নবেম্বরের উল্লিখিত সিদ্ধান্ত প্রত্যাহার করে নেবেন এটাই কাম্য। এ ব্যাপারে-আমরা সরকারের সর্বোচ্চ কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করছি।

এস এম রহমত উল্লাহ
বিএসসি (অর্নাস) এমএসসি
ডামুড্যা, শরীয়তপুর।